# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 05 May, 2025

রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়ায় পদ্মা নদীতে ধরা পড়েছে ২ কেজি ৬০০ গ্রাম ওজনের দুটি বিশাল আকৃতির ইলিশ।মাছ দুটি সোমবার (৫ মে) দুপুরে দৌলতদিয়ার চরকর্ণেশন এলাকার জেলে কবির হালদারের জালে ধরা পড়ে।

পরবর্তীতে ইলিশ দুটি নিলামে বিক্রির জন্য আনা হয় দৌলতদিয়া ফেরিঘাট এলাকার হালিমের আড়তে।সেখানে উন্মুক্ত নিলামের মাধ্যমে প্রতি কেজি ৪ হাজার টাকা দরে মোট ১০ হাজার ৪০০ টাকায় মাছ দুটি কিনে নেন স্থানীয় মাছ ব্যবসায়ী ও দৌলতদিয়া ৫ নম্বর ফেরিঘাটের ব্যবসায়ী সম্রাট শাহজাহান শেখ।

প্রতিটি ইলিশের ওজন ছিল ১ কেজি ৩০০ গ্রাম।নিলামের সময় আড়তে উৎসুক জনতা ও অন্যান্য মাছ ব্যবসায়ীদের ভিড় দেখা যায়।বড় আকৃতির পদ্মার এই ইলিশ ঘিরে এলাকায় ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা গেছে।

ক্রেতা সম্রাট শাহজাহান শেখ বলেন, “অনেক দিন পর পদ্মায় এমন বড় ও তাজা ইলিশ ধরা পড়েছে।তাই চাহিদা বেশি থাকায় ভালো দাম দিয়েই কিনেছি।স্থানীয় জেলেরা জানিয়েছেন, সম্প্রতি পদ্মা নদীতে কিছু বড় ইলিশ ধরা পড়লেও সেগুলোর সংখ্যা খুবই কম।ফলে বাজারে বড় ইলিশের দামও অনেক বেশি।

রাজবাড়ী ইলিশ মাছ,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 20 June, 2025 18:53

URL: https://timestodaybd.com/dhaka/7758071977